

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৪০৩

পর্ব-১৪: গোলাম মুক্তিকরণ (كتاب العتق)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - অংশীদারী গোলাম মুক্তি করা ও নিকটাত্মীয়কে ক্রয় করা এবং অসুস্থাবস্থায় গোলাম মুক্তি করা

### আরবী

عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي عَمْرَةَ الْأَنْصَارِيِّ: أَنَّ أُمَّهُ أَرَادَتْ أَنْ تَعْتِقَ فَأَخَّرَتْ ذَلِكَ إِلَى أَنْ تَعْتِقَ فَأَخَّرَتْ ذَلِكَ إِلَى أَنْ تَعْتِقَ فَأَخَّرَتْ ذَلِكَ إِلَى أَنْ تُعْتِقَ فَلَاتُ لِلْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ: أَيَنْفَعُهَا أَنْ أَعْتِقَ عَنْهَا؟ فَقَالَ لَصْبِحَ فَمَاتَتْ قَالَ عَبْدُ الرَّحْمَنِ: فَقُلْتُ لِلْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ: أَيَنْفَعُهَا أَنْ أَعْتِقَ عَنْهَا؟ فَقَالَ الله صلى الله عَلَيْهِ وَسلم فَقَالَ: إِنَّ أُمِّي هَلَكَتْ فَهَلْ اللهُ عَلَيْهِ وَسلم فَقَالَ: إِنَّ أُمِّي هَلَكَتْ فَهَلْ يَنْفَعُهَا أَنْ أَعْتِقَ عَنْهَا؟ فَقَالَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم فَقَالَ: إِنَّ أُمِّي هَلَكَتْ فَهَلْ يَنْفَعُهَا أَنْ أَعْتِقَ عَنْهَا؟ فَقَالَ رَسُولُ اللّهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «نعم» . رَوَاهُ مَالك

#### বাংলা

৩৪০৩-[১৬] 'আব্দুর রহমান ইবনু আবূ 'আমরাহ্ আল আনসারী (রহঃ) হতে বর্ণিত। (একদিন) তাঁর মা একটি গোলাম মুক্ত করার ইচ্ছা পোষণ করলেন। কিন্তু তিনি এটা আদায় করতে ভোর অবধি বিলম্ব করে ফেলেন, অতঃপর তিনি ইন্তেকাল করেন। 'আব্দুর রহমান বলেন, আমি কাসিম ইবনু মুহাম্মাদগুকে জিজ্ঞেস করলাম, আচ্ছা! এখন যদি আমি আমার মায়ের পক্ষ থেকে গোলাম মুক্ত করি, তাহলে তাঁর কোনো উপকারে আসবে কি? কাসিম বললেন, (একদিন) সা'দ ইবনু 'উবাদাহ্ নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বললেন, আমার আম্মা মৃত্যুবরণ করেছেন, এখন যদি তাঁর পক্ষ হতে আমি গোলাম মুক্ত করি, তাহলে তিনি তার সাওয়াব পাবে কি? উত্তরে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, হ্যাঁ, তিনি তার সাওয়াব পাবেন। (মালিক)[1]

## ফুটনোট

[1] হাসান : মালিক ১৫৫৫, সুনানুল কুবরা লিল বায়হাকী ১২৬৩৮।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীসে শিক্ষণীয় হলো- মৃতের পক্ষ হতে দান করা হলে, তাতে মৃতের উপকার হয়। আর সৎকাজে বিলম্বে না করে তা দ্রুত বাস্তবায়ন করা উচিত। (মিরকাতুল মাফাতীহ)



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন